# সংস্কারহীন নির্বাচন সকল অর্জন ব্যর্থ করবে: হাসনাত আবদুল্লাহ



হাসনাত আব্দুল্লাহ: সংগৃহীত ছবি

সংবিধান সংস্কার ও বিচারব্যবস্থার পুনর্গঠন ছাড়া নির্বাচন হলে অন্তর্বর্তী সরকারের যাবতীয় সাফল্য ম্লান হয়ে যাবে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ। তিনি বলেন, “সংস্কার ছাড়া কোনো নির্বাচনই টেকসই গণতন্ত্র নিশ্চিত করতে পারবে না। আর সে দায় নিতে হবে বর্তমান সরকারপ্রধানকে।”

শুক্রবার (১১ জুলাই) যশোরে জুলাই অভ্যুত্থানে আহত ও নিহতদের পরিবার সদস্যদের সঙ্গে মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি। সভায় অংশ নেন এনসিপির কেন্দ্রীয় ও আঞ্চলিক নেতারাও।

হাসনাত আবদুল্লাহ অভিযোগ করেন, পরিকল্পিতভাবে এনসিপিকে নির্বাচনী প্রক্রিয়া থেকে বাদ দেওয়ার অপচেষ্টা চলছে। তিনি বলেন, “অন্তর্বর্তীকালীন সরকারের দায়িত্ব শুধু নির্বাচন আয়োজন নয়, বরং বিচার সংস্কার ও ‘জুলাই সনদ’ বাস্তবায়নও তাদের ওপর ন্যস্ত।”

এসময় দলের মুখ্য সমন্বয়ক নাসিরুদ্দীন পাটওয়ারী বলেন, “যে সংবিধান জনগণের রক্তক্ষয় ঠেকাতে ব্যর্থ, সেই সংবিধানের সংস্কার এখন সময়ের দাবি।”

মতবিনিময় সভা শেষে জুমার নামাজ আদায় করে শহরে পদযাত্রা শুরু করে এনসিপি। ঈদগাহ মোড়ে দলীয় সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় আহ্বায়ক নাহিদ ইসলামসহ নেতৃবৃন্দ। যশোর সমাবেশ শেষে পদযাত্রার গাড়িবহর খুলনার উদ্দেশে রওনা হয়।